সাংগঠনিক সংবাদ

সরকারি উদ্যোগে কোল্ডস্টোরেজ নির্মাণ ও আলু চাষীদের জন্য ৭০% বরাদ্দ রাখা এবং বস্তাপ্রতি ৭০ টাকা ভাড়া নির্ধারণের দাবি

৬ ফেব্রুয়ারি ঢাকার শহীদ তাজুল মিলনায়তনে সমাজতান্ত্রিক ক্ষেতমজুর ও কৃষক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় কমিটির সভাপতি শুভ্রাংশু চক্রবর্ত্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ, সাংগঠনিক সম্পাদক আহসানুল হাবিব সাঈদ, হাসিনুর রহমান ও এড. আনোয়ার হোসেনসহ নেতৃবৃন্দ। নেতৃবৃন্দ সরকারি উদ্যোগে পর্যাপ্ত কোল্ডস্টোরেজ নির্মাণ, আলু চাষীদের জন্য কোল্ডস্টোরেজ-এর ৭০% বরাদ্দ রাখা এবং বস্তা প্রতি ৭০ টাকা ভাড়া নির্ধারণ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান। এছাড়াও প্রচণ্ড শীতের কারণে বোরো ধানের বীজতলা নষ্ট হওয়ায় দেশে তীব্র বীজ সংকট সৃষ্টি হয়েছে। এক্ষেত্রে সরকারের দায়িত্বহীনতার তীব্র সমালোচনা করা হয়। সভায় কৃষক-ক্ষেতমজুরদের সমস্যা নিরসনে কার্যকর উদ্যোগ গ্রহণের এবং ইউরিয়াসহ সকল প্রকার সারের দাম কমানোর দাবি জানান হয়।

গ্যাস সংকট নিরসনের দাবিতে নারায়ণগঞ্জে তিতাস গ্যাস ঘেরাও

নারায়ণগঞ্জের গ্যাস সংকট নিরসনের দাবিতে গত ১৭ জানুয়ারি বাসদ নারায়ণগঞ্জ জেলা শাখার উদ্যোগে চাষাড়াস্থ তিতাস গ্যাস আঞ্চলিক অফিস ঘেরাও কর্মসূচি পালন করা হয়। সকাল ১১টায় আলী আহম্মদ চুনকা পৌর পাঠাগারের সামনে জমায়েত হয়ে মিছিল শহর প্রদক্ষিণ করে তিতাস গ্যাস কার্যালয়ের সামনে সমবেত হয়। জেলা সমন্বয়ক নিখিল দাসের সভাপতিত্বে ঘেরাও কর্মসূচির সমাবেশে বক্তব্য রাখেন এড. মাহবুবুর রহমান ইসমাইল, অসিত বরণ বিশ্বাস, আবু নাঈম খান বিপ্লব, মাহমুদ হোসেন, আবুল কালাম, ওমর ফারুক ও মাজেদুল হক রাজন। সংহতি বক্তব্য রাখেন তেল-গ্যাস খনিজ সম্পদ ও বিদুৎ বন্দর রক্ষা জাতীয় কমিটির জেলা আহ্বায়ক রফিউর রাব্বী ও কমিউনিস্ট পার্টির জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য দুলাল সাহা।

লোডশেডিং বন্ধ ও সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুতের দাবিতে গাইবান্ধায় বিক্ষোভ

লোডশেডিং বন্ধ, সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং ইরি বীজ সংকট সমাধানে কার্যকর সরকারি উদ্যোগ গ্রহণের দাবিতে বাসদ গাইবান্ধা জেলা শাখার উদ্যোগে ২১ জানুয়ারি সকাল ১১.৩০ মি. শহরে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলপূর্ব এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন জেলা বাসদ আহ্বায়ক আহসানুল হাবীব সাঈদ, সদস্য সচিব মনজুর আলম মিঠু, কাজী আবু রাহেন শফিউল্ল্যা ও রাজু আহম্মেদ।

দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদ ও রেশনের দাবিতে বাসদের বিক্ষোভ

নওগাঁ : নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী চাল-ডাল-তেলের মূল্য জনগণের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে সেনাবাহিনীর দরে রেশনের দোকান খোলা এবং সকল বৃদ্ধ-বৃদ্ধাকে বয়স্ক ভাতা প্রদান ও ক্ষেত মজুরদের কাজের নিশ্চয়তার দাবিতে ৩০ জানুয়ারি বেলা চারটায় বাসদের উদ্যোগে নওগাঁর মহাদেবপুর উপজেলার হাট চকগৌরি কাঁচাবাজারে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন জেলা বাসদ আহ্বায়ক জয়নাল আবেদীন মুকুল, সদস্য হাবিবুর রহমান চৌধুরী, ম আ ব সিদ্দিকী বাদাম, বিষ্ণুপদ সরকার, মতিউর রহমান টিপু, ভক্ত গোপাল ও সামিউল করিম সান। এর আগে একই দাবিতে ১০ জানুয়ারি নওগাঁ জেলা শাখার উদ্যোগে শহীদ মিনারে বিক্ষোভ সমাবেশ করা হয়।

রংপুর : দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধ, মঙ্গা-বেকারত্ব নিরসনে কৃষিভিত্তিক শিল্প কারখানা নির্মাণ, গ্রামীণ কৃষক-ক্ষেতমজুরদের সারা বছরের কাজ ও খাদ্যের নিশ্চয়তা, প্রকৃত ভূমিহীনদের খাস জমিতে পুনর্বাসনের দাবিতে বাসদ রংপুর জেলা শাখার উদ্যোগে ১ ফেব্রুয়ারি বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। পায়রা চত্বরে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জেলা বাসদ সমন্বয়ক আব্দুল কুদ্দুস, আনোয়ার হোসেন বাবলু, মমিনুল ইসলাম ও পলাশ কান্তি নাগ।

বাসদের শীতবস্ত্র বিতরণ

সিরাজগঞ্জ : বাসদ সিরাজগঞ্জ জেলা শাখা ৮ ও ১১ জানুয়ারি শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করে। ওই সময় জেলা শহর ও যমুনা চরের পাইক পাড়া ও মোড়গ্রামের তিন শতাধিক মানুষের কাছে শীতবস্ত্র বিতরণ করা হয়। শহরে বিতরণকালে উপস্থিত ছিলেন বাসদ সিরাজগঞ্জ জেলা আহ্বায়ক নবকুমার কর্মকার, সদস্য আবু বক্কর ভুঁইয়া, এমদাদুল ইসলাম ও আক্তার হোসেন। যমুনাচরের পাইক পাড়া ও মোড়গ্রামে শীতবস্ত্র বিতরণকালে উপস্থিত ছিলেন সন্তোষ কুমার, সাইদুল ইসলাম, হেলাল উদ্দীন, আবু হানিফ, জাকারিয়া ও শহিদুল ইসলাম শহিদ।

পঞ্চগড় : পঞ্চগড় জেলা বাসদের উদ্যোগে ২৬ ও ২৮ জানুয়ারি যথাক্রমে তেতুলিয়ার মাঝি পাড়া, সদরের টুনিরহাট এবং বোদার প্রামানিক পাড়ায় শীতবস্ত্র বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জেলা সমন্বয়ক তরিকুল আলম, আনোয়ার হোসেন সবুজ, অধ্যাপিকা ফারজিনা বেগম, প্রধান শিক্ষক শাহাদাত হোসেন, শিক্ষক আবুল কাশেম ও আবু তাহের।

রাঙ্গুনিয়া : চট্টগ্রামের রাঙ্গুনিয়া থানার কোদালা চা বাগানে শ্রমিক ফ্রন্টের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হয়। ২১ জানুয়ারি বিকেলে চা বাগানের মন্দির প্রাঙ্গনে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চট্টগ্রাম জেলা শাখার সভাপতি অপু দাশগুপ্ত, সাধারণ সম্পাদক মহিন উদ্দিন, মঞ্জুর মোর্শেদ, সমীর মল্লিক ও কনকন মৃধা।

ভারতের বর্ষীয়ান বামপন্থী নেতা কমরেড জ্যোতি বসুর মৃত্যুতে বাসদের শোক প্রকাশ

বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান ১৭ জানুয়ারি এক শোকবার্তায় বলেন, "বাংলাদেশের ভূখণ্ডে জন্মগ্রহণকারী ভারতবর্ষের বর্ষীয়ান বামপন্থী নেতা কমরেড জ্যোতি বসুর প্রয়াণে আমরা গভীর শোক প্রকাশ করছি। তাঁর দল সিপিএম এবং তাদের জোট বাম ফ্রন্টের নেতা-কর্মী, সমর্থক-দরদী ও তার পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করছি। তিনি বলেন, কমরেড জ্যোতি বসুর রাজনীতি ও রাজনৈতিক জীবনের অনেক সমালোচনা ত্রুটি বিচ্যুতি থাকলেও তাঁর সুদীর্ঘ জীবনে সমাজতন্ত্র ও বামপন্থার প্রতি আনুগত্যশীল ও আস্থাশীল থেকে তিনি একটা দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। একটা স্বচ্ছল পরিবারে সোনার চামচ মুখে নিয়ে জন্মগ্রহণ করে এবং বিদেশে উচ্চ শিক্ষা নিয়ে পুঁজিবাদী ক্যারিয়ারের হাতছানিতে সাড়া না দিয়ে যৌবনের শক্তিকে মানবহিতে তথা সমাজতন্ত্রের সংগ্রামে আজীবন নিবেদিত রেখেছিলেন। আমরা উপযুক্ত শিক্ষায় শিক্ষিত হয়ে বিপ্লবী সংগ্রামকে জীবনের সঙ্গে একাত্ম করে এগিয়ে চলার জন্য সকল বামপন্থী নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানাচ্ছি।

বামপন্থী নেতা পরেশ চন্দ্র সাহার মৃত্যুতে বাসদ এর শোক প্রকাশ

বাসদ সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান ৬ ফেব্রুয়ারি সংবাদপত্রে দেয়া এক বিবৃতিতে বিশিষ্ট বামপন্থী নেতা পরেশ চন্দ্র সাহার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন। বিবৃতিতে তিনি বলেন, পরেশ চন্দ্র সাহা এদেশের মুক্তিযুদ্ধসহ সকল গণতান্ত্রিক আন্দোলনে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেছেন এবং আমৃত্যু বামপন্থী আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করে গিয়েছেন। বিবৃতিতে খালেকুজ্জামান বলেন, পরেশ চন্দ্র সাহার মৃত্যুতে বাংলাদেশের শ্রমিকশ্রেণী একজন বন্ধুকে হারালো।

সন্তু লারমার গাড়ি বহরে হামলার নিন্দা দোষীদের শাস্তি দাবি

বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান ২৮ জানুয়ারি সংবাদপত্রে দেয়া এক বিবৃতিতে ২৭ জানুয়ারি সকালে রাঙামাটি থেকে খাগড়াছড়িতে যাওয়ার পথে মহালছড়িতে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির নেতা সন্তু লারমার গাড়ী বহরে হামলার তীব্র নিন্দা জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, পাকিস্তান আমল থেকে আজ পর্যন্ত শাসকশ্রেণী পাহাড়ী জনগণের সমস্যা সমাধানে কার্যকর রাজনৈতিক উদ্যোগ গ্রহণ না করে সমস্যাকে জিইয়ে রেখে রাজনৈতিক ফায়দা হাসিল করতে চেয়েছে। আর এটা করতে গিয়ে কখনো সেনা অভিযান চালিয়ে, কখনো পাহাড়ী-বাঙালী, কখনো পাহাড়ী-পাহাড়ী বিরোধে মদত দিয়ে সংকটকে দীর্ঘস্থায়ী করে আসছে। তারই জের হিসেবে আজ সন্তু লারমার গাড়ী বহরে হামলা চালানো

হয়েছে। বিবৃতিতে খালেকুজ্জামান হামলাকারীদের অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন ও পাহাড়ী জনগণের ভূমির অধিকারসহ সমস্যার সমাধান এবং সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠার দাবি জানান।

বাসদ নেতা মঙ্গল কিসকুসহ আদিবাসীদের মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি

বাসদ নেতা মঙ্গল কিসকুসহ আদিবাসীদের বিরুদ্ধে সাপাহার থানা পুলিশ এর ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দায়েরকৃত হয়রানিমূলক মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে নওগাঁ জেলা বাসদের উদ্যোগে ৯ ফেব্রুয়ারি বেলা ১২টায় ডিসি চত্বরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষে জেলা প্রশাসক বরাবর ৫ দফা দাবি সম্বলিত স্মারকলিপি পেশ করা হয়। স্মারকলিপি পেশের পূর্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জেলা বাসদ সমন্বয়ক জয়নাল আবেদীন মুকুল ও সাপাহার উপজেলা আহ্বায়ক মঙ্গল কিসকু।

সিরাজগঞ্জে বাসদের বিক্ষোভ মিছিল স্মারকলিপি পেশ

স্থানীয় বিভিন্ন দাবিতে বাসদ সিরাজগঞ্জ জেলা ১২ জানুয়ারি বিক্ষোভ মিছিল ও ডিসিকে স্মারকলিপি পেশ করে। স্মারকলিপি দেয়ার পূর্বে বিক্ষোভ মিছিলোত্তর সমাবেশে নেতৃবৃন্দ শুষ্ক মৌসুমের মধ্যে যমুনার স্থায়ী বাঁধের ভাঙ্গন স্থানসমূহ পূর্ণাঙ্গ মেরামতের দাবি জানান। এছাড়া যমুনা সেতুর টোল ভাড়া কমানো, সিরাজগঞ্জ থেকে ঢাকা পর্যন্ত একটি আন্তঃনগর ট্রেন চালু এবং পৌরসভার সকল ডাস্টবিন ভোররাতে নিয়মিত পরিষ্কারের দাবি জানান। সমাবেশে বক্তব্য রাখেন বাসদ সিরাজগঞ্জ জেলা শাখার আহ্বায়ক নব কুমার কর্মকার, আমির হোসেন তালুকদার, খয়ের আলী, রফিকুল ইসলাম ও সাইদুল ইসলাম।

ছাত্র ফ্রন্ট এর ২৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত

ঢাকা : সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট এর ২৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ২১ জানুয়ারি সকাল ১১.৩০টায় মুক্তাঙ্গনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় সভাপতি ফখরুদ্দিন কবির আতিক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন মেহেদী হাসান তমাল, ইমরান হাবিব রুমন, রাহাত আহমেদ, বিপ্লব মণ্ডল, গৌতম কুমার দে, শরীফুল চৌধুরী, তাপসি রাবেয়া আঁখি ও রিপন রায়। সমাবেশের পর একটি মিছিল নগরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

২২ জানুয়ারি বিকেলে ঢাবির টিএসসির গেমসরুমে ফখরুদ্দিন কবির আতিকের সভাপতিত্বে ও জনার্দন দত্ত নান্টুর পরিচালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান বক্তা ছিলেন বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান। আরো বক্তব্য রাখেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড শুভ্রাংশু চক্রবর্ত্তী, ছাত্র ফ্রন্টের প্রাক্তন সভাপতি বেলাল চৌধুরী, আজিম উদ্দিন, এড. জহিরুল ইসলাম, জাকির হোসেন, মুজিবুল হক আরজু ও খালেকুজ্জামান লিপন। সভায় আরো উপস্থিত ছিলেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড বজলুর রশীদ ফিরোজ ও রাজেকুজ্জামান রতন। এছাড়া এদিন বিকাল ৩টা থেকে টিএসসির ভেতরের চত্বরে ছাত্র ফ্রন্টের আন্দোলন-সংগ্রামের ইতিহাস তুলে ধরে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।

রৌমারি : ২১ জানুয়ারি রৌমারিতে সুসজ্জিত মিছিল শেষে স্থানীয় পার্টি কার্যালয়ে মোসলেহ উদ্দীনের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন বাসদ নেতা মহিদ্দীন আহমেদ মহির, মনোয়ার হোসেন ও ফিরোজ আহমেদ।

জয়পুরহাট : জয়পুরহাট জেলা শাখার উদ্যোগে ২৫ জানুয়ারি বর্ণাঢ্য মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বিকেল ৪টায় মিছিল দলীয় কার্যালয় থেকে আরম্ভ হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় মসজিদ চত্বরে সমাবেশ হয়। তাজিউল ইসলাম টিটু'র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জেলা বাসদ সদস্য সচিব ওবায়দুল্লাহ মুসা, শাহ্‌জামান তালুকদার, রজতজয়ন্তী উদ্‌যাপন জেলা কমিটির আহ্বায়ক আতাউর রহমান, সামিউল ইসলাম বাবু, নয়ন সরকার ও সুমন চন্দ্র প্রমুখ।

রংপুর : রংপুর জেলা শাখার উদ্যোগে ২১ জানুয়ারি মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বেলা ১২টায় পায়রা চত্বরে মিছিলোত্তর সমাবেশে সভাপতিত্ব করেন পলাশ কান্তি নাগ। বক্তব্য রাখেন রেদোয়ানুল ইসলাম বিপুল, আহসানুল আরেফিন তিতু ও রোকনুজ্জামান রোকন। পরবর্তীতে ২৫ জানুয়ারি কাউনিয়া এবং পীরগাছা উপজেলায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিলেট : শাবিপ্রবি শাখার উদ্যোগে ২৫ জানুয়ারি বেলা ১২টায় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। মিছিল ক্যাম্পাসের অর্জুনতলা থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে গোল চত্বরে এসে শেষ হয়। কপিল রায়ের সভাপতিত্বে ও তামান্না আহমদের পরিচালনায় গোলচত্বরে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন কাজল দাস, শুভাশীষ দাস, মিরাজ মাহমুদ ও ফারহানা ইয়াসমিন এপি।

মৌলভীবাজার : সদর উপজেলা শাখার উদ্যোগে ২৮ জানুয়ারি মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শহরের পাবলিক লাইব্রেরিস্থ ড. সৈয়দ মুজতবা আলী মিলনায়তনে লিটন সূত্রধরের সভাপতিত্বে ও সুজন রায়ের পরিচালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বাসদ নেতা রনধীর রায়, উজ্জ্বল রায়, মাসুদ রানা ও আব্দুর রউফ রুবেল। পরে একটি মিছিল শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

কমলগঞ্জ উপজেলা শাখার উদ্যোগে ২৬ জানুয়ারি মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মৃন্ময় সাহার পরিচালনায় ও শিবানন্দ সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত মিছিল পরবর্তী আলোচনা সভায় বক্তব্য রাখেন বাসদ নেতা মামুনুর রশীদ সোহেল, সিপিবি নেতা আহমদ সিরাজ, গণফোরামের আব্দুর রশীদ মাখন, কৃষক সমিতির আব্দুল জলিল, সুশান্ত সিনহা, সুজিত দাশ ও প্রবাল সিনহা। আলোচনা সভার পরে চারণের শিল্পীরা গণসঙ্গীত পরিবেশন করেন।

রাজনগর উপজেলা শাখার উদ্যোগে ২৪ জানুয়ারি ইউপি মিলনায়তনে এক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মো. রাশেদের সভাপতিত্বে ও রূপন দেবনাথের পরিচালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মামুনুর রশীদ সোহেল, ইকবাল হোসেন, মোজাহিদ আহমেদ, আব্দুর রউফ রুবেল, দীপংকর ঘোষ ও সাইফুর রহমান। সভার শেষে চারণের শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন।

নোয়াখালী : নোয়াখালী জেলা শাখার উদ্যোগে ২১ জানুয়ারি এক আলোচনা সভা মাসুদ রেজার সভাপতিত্বে নোয়াখালী টাউন হলে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন সাইফুজ্জামান সাকন, পলাশ চন্দ্র রাউৎ, বিটুল তালুকদার, রিয়াজুল হাসান রিয়াদ, মনির উদ্দিন নাবলু, জাবেদ হোসেন, ফখরুল ইসলাম ফরহাদ, শাহিন, টিটু মজুমদার ও সাহাদাত হেসেন কিরন। আলোচনা সভার পূর্বে একটি মিছিল শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

হবিগঞ্জ : বৃন্দাবন সরকারি কলেজ শাখার উদ্যোগে ২৮ জানুয়ারি ক্যাম্পাসের শহীদ মিনারে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জসিম উদ্দিনের সভাপতিত্বে আলোচনা করেন আব্দুল্লাহ আল মামুন, তৌহিদুর রহমান, বিকাল দাশ, রজত, সুকেশ।

বানিয়াচং উপজেলা শাখার উদ্যোগে ২১ জানুয়ারি এক আলোচনা সভা স্থানীয় শহীদ মিনারে অনুষ্ঠিত হয়। আমিনুর রশিদ নুমানের পরিচালনায় ও তৌহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বাসদ সমন্বয়ক এড. জুনায়েদ আহমেদ, আব্দুল্লাহ আল মামুন, লোকমান আহমেদ, এআরসি কাওছার, মান্না ও ফয়েজ। বানিয়াচং উপজেলার ৮নং ইউনিয়নের গুনুই গ্রামের স্থানীয় বাজারে ২৫ জানুয়ারি লোকমান আহমেদের পরিচালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন আব্দুল্লাহ আল মামুন ও স্থানীয় শিক্ষক আবুল কালাম। ২ নং আহমাদাবাদ ইউনিয়ন শাখার উদ্যোগে ২৯ জানুয়ারি এক আলোচনা সভা রুকনুজ্জামান সাজুর পরিচালনায় ও আশিকুর রহমানের সভাপতিত্বে স্থানীয় জনতার মঞ্চে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন আব্দুল্লাহ আল মামুন, শফিকুল ইসলাম, জসিমউদ্দিন, হাবিবুর রহমান মাসুক ও রাসেল। গাজীপুর স্কুল এন্ড কলেজ শাখার উদ্যোগে ২৯ জানুয়ারি শফিকুল ইসলাম রুমানের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে আলোচনা করেন আব্দুল্লাহ আল মামুন ও শফিকুল ইসলাম। নবীগঞ্জ থানা শাখার উদ্যোগে ৩০ জানুয়ারি টুটুল মিয়ার সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে আলোচনা করেন বাসদ নেতা আক্তার হোসেন অলক, আব্দুল্লাহ আল মামুন, চৌধুরী ফয়সাল শোয়েব, ডা. সুব্রত চক্রবর্তী, কাঞ্চন সরকার ও নরেন্দ্র পাল।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ২৬ জানুয়ারি মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মাসুদ রানার সভাপতিত্বে ও কিশোর আহমেদের পরিচালনায় অনুষ্ঠিত মিছিল পরবর্তী আলোচনা সভায় বক্তব্য রাখেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড রাজেকুজ্জামান রতন, কল্যাণ দত্ত ও দোলন রায়।

নারায়ণগঞ্জ : ২১ জানুয়ারি সকাল ১১টায় নারায়ণগঞ্জ জেলা শাখার উদ্যোগে চাষাড়াস্থ শহীদ মিনারে সমাবেশ ও পরে মিছিল অনুষ্ঠিত হয়। মাজেদুল হক রাজনের সভাপতিত্বে ও শওকত আলীর পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জেলা বাসদ সমন্বয়ক নিখিল দাস, জনার্দন দত্ত নান্টু, মশিউর রহমান শিমুল, শাহাদাত হোসেন, গোপাল ঘোষ, আনোয়ার উদ্দিন সৌরভ ও সাব্বির উদ্দিন ভূইঁয়া হৃদয়। একই দিনে বিকাল ৫টায় দলীয় কার্যালয়ে প্রাক্তন-বর্তমানদের পুনর্মিলনী অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়া : কুষ্টিয়া সরকারি কলেজ শাখার উদ্যোগে ২১ জানুয়ারি সকাল ১১টায় কলেজ ক্যাম্পাসে মিছিল অনুষ্ঠিত হয়। মিছিল শেষে বিজ্ঞান ভবনের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আনিসুর রহমান ও আজমীরা শ্যামা। এরপর বিকাল ৪টায় কুষ্টিয়া টেকনিক্যাল স্কুলে আলোচনা সভা ও পুনর্মিলনীর আয়োজন করা হয়। আনিসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বাসদ আহ্বায়ক শফিউর রহমান শফি, রজতজয়ন্তী উদ্যাপন কমিটির জেলা আহ্বায়ক বিশ্বজিৎ সাহা সন্টু, মাসুদ হাসান ও আজমীরা শ্যামা।

২২ জানুয়ারি বিকাল ৪টায় ভেড়ামারা থানা শাখার উদ্যোগে সাঈদ আহম্মেদ লালনের সভাপতিত্বে ও হাফিজুর ইসলামের পরিচালনায় আলোচনা সভা সংগঠনের স্থানীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন বিশ্বজিৎ সাহা সন্টু, মাসুদ হাসান, আনিসুর রহমান, বি.জে.এম ডিগ্রী কলেজের প্রভাষক রশিদুর রহমান রনি, ইংরেজী বিভাগের প্রভাষক সাইফুজ্জামান ফিরোজ ও আমিনুর রহমান।

গাইবান্ধা : ২১ জানুয়ারি গাইবান্ধা জেলা শাখার উদ্যোগে বর্ণাঢ্য মিছিল, আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মিছিল গাইবান্ধা সরকারি কলেজ থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পাবলিক লাইব্রেরি মিলনায়তনে মিলিত হয়। আমিনুল ইসলামের সভাপতিত্বে ও নিলুফার ইয়াসমিন শিল্পীর পরিচালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বাসদ আহ্বায়ক আহসানুল হাবীব সাঈদ, মনজুর আলম মিঠু, শহিদুল ইসলাম, জি.এম চৌধুরী মিঠু, গোলাম রব্বানী, খায়রন নেছা সরকার, আব্দুস সালাম ও বজলুর রহমান। সভা শেষে কবিতা, গান ও নৃত্য পরিবেশন করেন শিশু কিশোর মেলার সংগঠক ও সদস্যবৃন্দ। এছাড়াও সঙ্গীত পরিবেশন করেন প্রভাষক কণা, শিশু শিল্পী মৃত্তিকা, আমিরুল ইসলাম ও সন্তোষ কুমার বর্মণ।

১৪ ফেব্রুয়ারি স্বৈরাচারবিরোধী ছাত্র প্রতিরোধ দিবস পালিত

‘স্বৈরাচারবিরোধী ছাত্র প্রতিরোধ দিবস’ এর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে সকাল ৯ টায় ‘শিক্ষা অধিকার চত্ত্বর’ এ পুস্পস্তবক অর্পন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি ফখরুদ্দিন কবির আতিক, সদস্য মলয় সরকার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি বিপ্লব মণ্ডল ও স্নেহাদ্রী চক্রবর্ত্তী রিন্টু। এরপর সকাল সাড়ে ১১ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিন থেকে একটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে কলা ভবনের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সভাপতি ফখরুদ্দিন কবির আতিক, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান তমাল, দপ্তর সম্পাদক ইমরান হাবিব রুমন, অর্থ সম্পাদক রাহাত আহমেদ ও সদস্য মলয় সরকার।

উল্লেখ্য, ১৪ ফেব্রুয়ারি ’৮৩ সালে ছাত্র-স্বার্থবিরোধী শিক্ষা সংকোচনের মজিদ খানের শিক্ষানীতি বাতিল, সামরিক শাসন প্রত্যাহার, সাম্প্রদায়িক শিক্ষা বাতিল করে সেক্যুলার শিক্ষা চালু করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের উপর পুলিশের গুলিতে শহীদ জাফর, জয়নাল, দিপালী সাহা, মোহাম্মদ আইয়ুব, মোজাম্মেল হোসেন কাঞ্চন শহীদ হন। তাদের সে শহীদী আত্মত্যাগকে স্মরণ করে প্রতিবছর এই দিনে ‘স্বৈরাচারবিরোধী ছাত্র প্রতিরোধ দিবস’ পালিত হয়।

শামসুন নাহার হল শাখা কমিটি গঠন

ঢাবি’র ছাত্র ফ্রন্ট শামসুন নাহার হল শাখার ৩য় কাউন্সিল ১০ ফেব্রুয়ারি বেলা ১১টায় টিএসসিতে অনুষ্ঠিত হয়। কাউন্সিলে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সদস্য শম্পা বসু, ঢাবি শাখার সভাপতি বিপ্লব মণ্ডল ও সাধারণ সম্পাদক স্নেহাদ্রী চক্রবর্ত্তী রিন্টু। কাউন্সিলে সর্বসম্মতিক্রমে ইভা মজুমদার–কে আহ্বায়ক ও লিপিকা রায়-কে সদস্য সচিব করে ৬ সদস্যবিশিষ্ট শামসুন নাহার হল শাখা কমিটি গঠিত হয়।

পটিয়ায় শহীদ মিনার নির্মাণের দাবি

৪ ফেব্রুয়ারি দুপুর ১২টায় শিশু-কিশোর মেলা পটিয়া উপজেলা শাখার উদ্যোগে পটিয়ার সকল স্কুলে শহীদ মিনার নির্মাণের দাবিতে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে মানববন্ধন ও সমাবেশে অনুষ্ঠিত হয়। তমাল দাশের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আবদুর রহমান রুবেল, এ.জেড.এম আহমদ উল্লাহ, স্কুল প্রতিনিধি রায়হান উদ্দীন, আমিনুল ইসলাম আমিন, ইমরুল সাকিদ, বিশাল দাশগুপ্ত আকাশ, সাজ্জাদ হোসেন প্রমুখ। পরে শিশু-কিশোর মেলার একটি প্রতিনিধি দল উপজেলা নির্বাহী কর্মকর্তাকে তিন দফা দাবি সম্বলিত স্মারকলিপি প্রদান করেন।

বিজ্ঞানী গ্যালিলিও'র স্মরণে আলোচনা সভা

২৮ জানুয়ারি সকাল ১০.৩০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল সংলগ্ন মাঠে বিজ্ঞান আন্দোলন মঞ্চ ও ছাত্র ফ্রন্ট এর যৌথউদ্যোগে বিজ্ঞানী গ্যালিলিও'র মৃত্যুদিবস স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন ঢাবির পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক আরশাদ মোমেন, শিক্ষা আন্দোলন মঞ্চ এর সাধারণ সম্পাদক সাইফুর রহমান তপন ও বিজ্ঞান আন্দোলন মঞ্চ এর সংগঠক ইমরান হাবিব রুমন। সভাপতিত্ব করেন ছাত্র ফ্রন্ট সায়েন্স এনেক্স শাখার সভাপতি সাইদুল ইসলাম সাঈদ এবং পরিচালনা করেন সাদাত হাসান নিলয়।

শরৎচন্দ্রের মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

ছাত্র ফ্রন্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন শাখার উদ্যোগে কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের মৃত্যুবার্ষিকী উপলক্ষে ১৯ জানুয়ারি বিকাল ৩.৩০ মি. ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুনীর চৌধুরী সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কলা ভবন শাখার সভাপতি রাশেদ শাহরিয়ার-এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফারহিন ইসলাম সোমা'র পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড রাজেকুজ্জামান রতন, ঢাবির বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ আজম ও বিপ্লব মণ্ডল।

বলয়গ্রাস সূর্যগ্রহণ পর্যবেক্ষণ

ছাত্র ফ্রন্ট কারমাইকেল কলেজ শাখার উদ্যোগে ১৫ জানুয়ারি বলয়গ্রাস সূর্যগ্রহণ পর্যবেক্ষণ ক্যাম্প করা হয়। পর্যবেক্ষণ ক্যাম্প উদ্বোধন করেন কলেজ অধ্যক্ষ অধ্যাপক আব্দুল ওয়াদুদ। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক আব্দুর রাজ্জাক, পলাশ কান্তি নাগ, আহসানুল আরেফিন তিতু, রোকনুজ্জামান রোকন ও জাকির হোসেন।

শ্রমিক ফ্রন্ট এর প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নারায়ণগঞ্জ : শ্রমিক ফ্রন্টের ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ২২ জানুয়ারি বিকাল ৩টায় নারায়ণগঞ্জ কেন্দ্রীয় শহীদ মিনারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা আহ্বায়ক এড. মাহবুবুর রহমান ইসমাইলের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি কমরেড জাহেদুল হক মিলু, বাসদ জেলা সমন্বয়ক নিখিল দাস ও মাহমুদ হোসেন। আলোচনা সভা শেষে ব্যানার-ফ্যাস্টুন-লাল পতাকায় সুসজ্জিত একটি মিছিল শহর প্রদক্ষিণ করে ২নং রেল গেইট বাসদ অফিসের সামনে শেষ হয়।

সিলেট : সিলেট জেলা শাখা ১৮ জানুয়ারি বিকেল ৪টায় মিছিলের আয়োজন করে। মিছিল কেন্দ্রীয় শহীদ মিনার থেকে শুরু হয়ে সিটি পয়েন্টে সমাবেশে মিলিত হয়। জেলা শ্রমিক ফ্রন্টের সভাপতি উজ্জ্বল রায়ের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সুশান্ত সিনহা, তবারক উল্লাহ ও শাহজাহান আহম্মদ।

শ্রমিক নেতা রঞ্জুর মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণসভা

গাইবান্ধা : শ্রমিক ফ্রন্ট এর সাবেক কেন্দ্রীয় নেতা কমরেড নুরুল ইসলাম রঞ্জু'র ৩য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে ২১ জানুয়ারি গাইবান্ধা জেলা বাসদের উদ্যোগে পার্টির জেলা আহ্বায়ক আহসানুল হাবীব সাঈদের সভাপতিত্বে স্মরণসভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড শুভ্রাংশু চক্রবর্ত্তী, শহিদুল ইসলাম, গোলাম রব্বানী, জি.এম চৌধুরী মিঠু ও রঞ্জু'র স্ত্রী রীনা বেগম।

মোহাম্মদপুর থানা : ২৯ জানুয়ারি বিকাল ৫টায় বাসদ মোহাম্মদপুর থানা শাখার উদ্যোগে আগারগাঁও বিএনপি বাজারে মহিউদ্দিন আহমেদের সভাপতিত্বে ও মর্জিনা খাতুনের পরিচালনায় স্মরণসভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড বজলুর রশীদ ফিরোজ, নজরুল ইসলাম রাসেল, নুরুল ইসলাম সিদ্দিকী, রফিকুল বারী মুক্তা, জাতীয় গণফ্রন্ট নেতা হাবিবুর রহমান হাবিব, আব্দুল আজিজ, চন্দন, রঞ্জু'র ছেলে আরিফ ও ভাই কামরুল ইসলাম।

আন্দোলনরত চা শ্রমিকদের দাবি মেনে নাও

শ্রমিক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি কমরেড জাহেদুল হক মিলু এবং সাধারণ সম্পাদক কমরেড রাজেকুজ্জামান রতন এক বিবৃতিতে আন্দোলনরত চা শ্রমিক ইউনিয়নের শ্রমিকদের ন্যায়সঙ্গত দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন। বিবৃতিতে নেতৃবৃন্দ নির্বাচিত শ্রমিক ইউনিয়নের মেয়াদ শেষ হওয়ার পূর্বে তাদের কমিটি বাতিল করে পরাজিত দালাল নেতাদের দিয়ে ইউনিয়ন হাইজ্যাক করার সরকারি দলের অপতৎপরতার তীব্র নিন্দা জানান এবং এ ধরনের অগণতান্ত্রিক ও ফ্যাসিবাদী কর্মকাণ্ডের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

ঢামেক হাসপাতালে শিশু হত্যা ও বুয়েট শিক্ষক নির্যাতনের প্রতিবাদে বুয়েটে মানববন্ধন অনুষ্ঠিত

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গত ১৩ জানুয়ারি নবজাতক শিশু হত্যা এবং বুয়েটের তড়িৎকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. নেওয়াজ মো. সাইফুর রহিম-কে নির্যাতনের প্রতিবাদে বুয়েট ক্যাম্পাসে শিক্ষার্থীরা মানববন্ধন করে। মানববন্ধনে প্রায় তিনশত শিক্ষার্থী অংশ নেয়। মানববন্ধন শেষে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আরিফুর হোসেন তুহিন, মুনিম বিন গনি, গৌতম কুমার দে, প্রত্যয় হাসান, মেজবাউল হক রাজন-সহ ছাত্র প্রতিনিধিরা। বক্তারা বলেন সরকারি হাসপাতালে অবহেলা ও দায়িত্বহীনতার কারণে সাধারণ মানুষ প্রকৃত চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছে। হয়রানি এবং ক্ষেত্রবিশেষে শারীরিক নির্যাতনের শিকার হচ্ছেন রোগীর আত্মীয়-স্বজনেরা। সমাবেশ থেকে অবিলম্বে দোষীদের বিচার ও সরকারি হাসপাতালে অনিয়ম অরাজকতা দূর করে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য দাবি জানানো হয়।

উল্লেখ্য, গত ১২ই জানুয়ারি সন্ধ্যায় ড. নেওয়াজ মো. সাইফুর রহিম সস্ত্রীক তাঁর সন্তানসম্ভবা ভাতিজিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করান। রাত ১২টায় রোগী অসুস্থ হয়ে পড়লে কর্তব্যরত চিকিৎসককে জানানো হয়। কিন্তু ডাক্তাররা কেউ-ই দেখতে আসেননি এবং ডাক্তারদের সাহায্য ছাড়াই বাচ্চা ভূমিষ্ট হয়। পরে বাচ্চাটিকে মৃত বলে ঘোষণা করা হয়। এই ঘটনার প্রতিবাদ করলে কর্তব্যরত চিকিৎসক, ওয়ার্ডবয় ও অন্যান্য কর্মচারীরা ড. রহিমকে শারীরিকভাবে নির্যাতন করে। সেখানে দায়িত্ব পালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর কাছে সাহায্য চাওয়া হলে তারা ড. রহিমকে দোষী সাব্যস্ত করে পুলিশ ক্যাম্পে আটকে রাখে।